

## ছোট হচ্ছে চলতি অর্থবছরের বাজেট

- A Monitor Desk Report

Date: 06 December, 2024



ঢাকাঃ ছোট করা হচ্ছে ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেট। রিজার্ভের ওপর চাপ কমাতে এবং মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বড় ধরনের কাটছাঁট হতে যাচ্ছে চলতি অর্থবছরের বাজেট।

বাজেটের আকার ছোট করতে গিয়ে অনেক খাতেই কাটছাঁটের মাধ্যমে সংশোধন আনার পরিকল্পনা করছে সরকার। ইতোমধ্যে চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেট সংশোধনের কাজ শুরু করেছে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ। এর মধ্য দিয়ে চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের আকার প্রায় ১ লাখ কোটি টাকারও বেশি কমে যেতে পারে।

চলতি ২০২৪-২৫ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা কমিয়ে ৫ দশমিক ২৫ শতাংশ ও মূল্যস্ফীতি ৯ শতাংশ নির্ধারণ করা হচ্ছে।

সম্প্রতি অনুষ্ঠিত সরকারের আর্থিক, মুদ্রা ও বিনিময় হার-সংক্রান্ত সমন্বয় কাউন্সিলের সভায় বিষয়টি চূড়ান্ত করা হয়েছে। ওই সভায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) থেকে রাজনৈতিক বিবেচনায় নেওয়া প্রকল্প বাদ দিয়ে বাজেট ৩০ হাজার কোটি টাকা কমিয়ে সাত লাখ ৬৭ হাজার কোটি টাকায় প্রাক্কলন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে।

সূত্র জানিয়েছে, চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেট সংশোধনের কাজ শুরু করার নির্দেশ দিয়ে অর্থ মন্ত্রণালয় থেকে পরিপত্র জারি করা হয়েছে।

জারি করা পরিপত্রে অর্থ বিভাগ বলেছে, কোনও মন্ত্রণালয় ও বিভাগ অতিরিক্ত অর্থ বরাদ্দ চাইতে পারবে না এবং বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারি ব্যয়ে কৃষ্ণসাধন করতে হবে। ইতোমধ্যে সব মন্ত্রণালয়, বিভাগ ও এদের অধীন বিভিন্ন দফতর স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থাকে সংশোধিত বাজেটের প্রাক্কলন অর্থ বিভাগে পাঠাতে বলা হয়েছে।

